দৈনিক ইনকিলাব

42

তারিখ 03 JUL
পৃষ্ঠা 5 কলাম 3

ডকুমেন্টেশন কেন্দ্র

122

# শিক্ষাঙ্গন

## বয়স্ক শিক্ষার গুরুত্ব

একথা অনস্বীকার্য যে শিক্ষার গুরুত্ব অত্যধিক এবং জন্ম থেকে মৃত্যু পর্যন্ত শিক্ষা গ্রহণ করা যায়। তাই বয়স্ক শিক্ষার আবশ্যকতা সহজেই উপলব্ধি করা যায় তবে বয়স্ক শিক্ষার দুরবস্থার চিত্র আমাদের ৬৮ হাজার গ্রামগুলোর অধিকাংশেই পরিলক্ষিত হয়। কেননা যারা নিজেদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যাপারেই উদাসীন। তারা নিজেদের শিক্ষা নিয়ে ভাবনা-চিন্তা করবে কখন। অবশ্য এর ব্যতিক্রমও যে নেই তা নয়। বয়স্ক শিক্ষাকে ছোট করে দেখার অবকাশ নেই। কারণ শিক্ষার জন্য বয়সভেদের প্রয়োজন পড়ে না। তাই বয়স্ক শিক্ষার ক্ষেত্রে কোনরূপ সংকোচ কিংবা দ্বিধাবোধ থাকা উচিৎ নয়। তবে অনেকেই এই ধারণার বশবর্তী হয়ে শিক্ষার প্রতি উদাসীন হন যে তাদের আর শিক্ষা গ্রহণের বয়স কিংবা প্রয়োজনীয়তা নেই যা একটি বড়ো রকমের ভুল ধারণা। কেননা এর ফলে তারা জ্ঞানলাভের সুযোগ থেকে বঞ্চিত হন। কিন্তু তারা যদি শিক্ষার প্রতি আগ্রহী হন তবে যেমন তারা কিছুটা শিক্ষিত হতে পারবেন- তেমনি অন্যকেও উৎসাহিত করতে পারবেন। ফলস্বরূপ উপকৃত হবেন তারাই। আর তাদের শিক্ষার গুণে দূরীকরণ সম্ভব হবে কুসংস্কার আর অন্ধ বিশ্বাস। কারণ কুসংস্কার আর অন্ধ বিশ্বাস এমনই জিনিস যা ব্যক্তিজীবনের উন্নতির পথে অন্যতম অন্তরায়। যদি বয়স্ক ব্যক্তিরা শিক্ষিত হন তবে শিক্ষার গুরুত্ব উপলব্ধি করতে পারায় ছেলেমেয়েদেরকেও শিক্ষাদানে আগ্রহী হবেন। আর এজন্য চাই তাদের স্বতঃস্ফূর্ত উদ্দীপনা এবং বয়সভেদের তারতম্য ভুলে শিক্ষা গ্রহণে এগিয়ে আসা। তবে তাদেরকে শিক্ষার সুযোগ দানে সরকারী এবং বেসরকারী উভয় পর্যায় থেকে পদক্ষেপ নেওয়া প্রয়োজন। আর এ পদক্ষেপের প্রথম পর্যায়ে প্রয়োজন অধিক সংখ্যক নৈশ বিদ্যালয় স্থাপন। কারণ দেশে শিক্ষিতের হার বৃদ্ধির লক্ষ্যে বয়স্ক শিক্ষার বিষয়টিকেও গুরুত্ব দেয়া প্রয়োজন।

অজ্ঞানতার অন্ধকার থেকে নিজেকে মুক্ত করার প্রচেষ্টা সবারই থাকা কাম্য। আর সেই সাথে থাকা প্রয়োজন আন্তরিক সহযোগিতা। এ ক্ষেত্রে গ্রামে অধিক সংখ্যক নৈশ বিদ্যালয় প্রতিষ্ঠার মাধ্যমে এ কাজটি সহজতর হতে পারে। সেই সাথে তাদের সুবিধা- অসুবিধার প্রতি দৃষ্টি দেয়া হলে তারা উৎসাহ বোধ করবে।

শিক্ষিত ব্যক্তিদের প্রচেষ্টায় নিরক্ষর বয়স্ক ব্যক্তিদের শিক্ষিত করে তোলা সম্ভব হবে।

—ফাহীম নাজ স্বর্ণা।